অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল জাতীয় আর্থিক স্বাক্ষরতা মাসের স্বীকৃতিতে কম খরচে ব্যাংক অ্যাকাউন্ট করার সুযোগ বৃদ্ধি করতে নতুন নির্দেশনা ঘোষণা করলেন

আর্থিক সেবা ডিপার্টমেন্ট নিউ ইয়র্ক নিয়ন্ত্রিত ব্যাংকগুলির জন্য কম খরচে ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য নতুন নির্দেশনা জারি করলো

স্টেট নিয়ন্ত্রিত ব্যাংকগুলি এখন তাদের সাশ্রয়ী ব্যাংকিং আবশ্যিকতা মেটাতে "ব্যাংক অন" প্রত্যায়িত অ্যাকাউন্ট প্রদান করবে

কম খরচে অ্যাকাউন্ট পাওয়ার সুযোগ আর্থিক স্বাস্থ্যের জন্য মৌলিক যাতে করে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের কাছে তাদের কষ্টার্জিত সঞ্চয় সুরক্ষা ও বিকাশ করার জন্য সাশ্রয়ী, ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স কর্পোরেশন ইন্স্যুরড ব্যাংকিং সুযোগ থাকে।

গভর্নর ক্যাথি হোকল আজকে জাতীয় আর্থিক স্বাক্ষরতা মাসের (National Financial Literacy Month) স্বীকৃতিতে নিউ ইয়র্কবাসীদের জন্য কম খরচে ব্যাংক অ্যাকাউন্ট করার সুযোগ বৃদ্ধি করতে নতুন নির্দেশনা ঘোষণা করলেন। নতুন আর্থিক সেবা ডিপার্টমেন্ট (Department of Financial Services, DFS) নির্দেশনা স্টেট নিয়ন্ত্রিত ব্যাংকগুলিকে স্টেটের সাশ্রয়ী ব্যাংকিং আবশ্যিকতা মেটাতে "ব্যাংক অন (Bank On)" প্রত্যায়িত অ্যাকাউন্ট প্রদান করবে। ব্যাংক অন অ্যাকাউন্টগুলি ওভারড্র্যাফ্ট ফি অপসারণ করে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে ব্যাংকিং ব্যবস্থাতে আকৃষ্ট করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সংশোধনগুলি নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের তাদের কষ্টার্জিত সঞ্চয় সুরক্ষা ও বিকাশ করার জন্য সাশ্রয়ী, FDIC-ইন্স্যুরড ব্যাংকিং সুযোগ প্রদান করতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ। এটি গভর্নরের আর্থিক অন্তর্ভুক্তি এজেন্ডার অনুবর্তী যেখানে রয়েছে ঋণ এবং হঠাৎ বিলিং সামাল দেওয়া, পরিবার ও গ্র্যাজুয়েটদের শিক্ষার্থী ঋণের ব্যাপারে সাহায্য করা, দৃঢ় ভোক্তা সুরক্ষা এবং আর্থিক পণ্যের জন্য স্বচ্ছতার আবশ্যিকতা এবং নিউ ইয়র্কবাসীদের আর্থিক নিরাপত্তা অর্জনে সাহায্য করতে অন্যান্য সাম্প্রতিক পদক্ষেপ।

"আর্থিক স্বাক্ষরতা প্রত্যেকের আর্থিক সুস্থতার জন্য একটি অত্যাবশ্যকীয় জীবন দক্ষতা, এবং সেজন্য নিউ ইয়র্ক স্টেট সাশ্রয়ী ব্যাংকিং সেবার উপলভ্যতা বৃদ্ধি করতে সাহসী পদক্ষেপ নিয়ে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "কোভিড-19 মহামারী দেখিয়ে দিয়েছে যে সকল নিউ ইয়র্কবাসীর আর্থিক নিরাপত্তা থাকা কতটা জরুরি, এবং কম খরচে ব্যাংকিং সেবার উপলভ্যতা

তাদের আর্থিক চাহিদা ব্যবস্থাপনা ও নিরাপদ করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন এই অ্যাকাউন্টগুলি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের কঠোর পরিশ্রমী ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সাশ্রয়ী, উপলভ্য ব্যাংকিং সুবিধা পেতে সাহায্য করবে এবং এটি সকলের জন্য আরো অন্তর্ভুক্ত একটি অর্থনীতির দিকে একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

আর্থিক সেবার সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "আর্থিক স্বাস্থ্যের ধারণায় ব্যাংক অ্যাকাউন্ট থাকার সক্ষমতা একটি মৌলিক বিষয়। ব্যাংক অন এবং বেসিক ব্যাংকিং (Basic Banking) অ্যাকাউন্ট, উভয়ের মাধ্যমে আরো নিউ ইয়র্কবাসীরা নিরাপদ, সাশ্রয়ী ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ পাবে যা একাধিক সংখ্যক ফি অপসারণ করে যেমন ওভারড্র্যাফ্ট, নিষ্ক্রিয়তা এবং ব্যালেন্স কম থাকার ফি।"

FDIC-র করা একটি জরিপ অনুযায়ী, 2019 সালে আনুমানিক 7.1 মিলিয়ন মার্কিন গৃহস্থালি "ব্যাংক বহির্ভূত (unbanked)" ছিলো, অর্থাৎ গৃহস্থালির কারো কোনও ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নে কোনও চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট ছিলো না। নিম্ন ও মধ্যম আয়ের সম্প্রদায়ের ভোক্তাদের প্রায়শই অ্যাকাউন্ট থেকে ওভারড্র করার জন্য, ব্যালেন্স সীমার নিচে চলে যাওয়ার জন্য, বা নিয়মিত তাদের অ্যাকাউন্ট ব্যবহার না করার জন্য ব্যাংক অ্যাকাউন্ট ফির বোঝা বহন করতে হয়েছে। বর্তমান আইনের অধীনে, ব্যাংকিং প্রতিষ্ঠানগুলির জন্য নিউ ইয়র্ক বেসিক ব্যাংকিং অ্যাকাউন্টের মাধ্যমে বা ভোক্তাদের জন্য সুবিধাজনক এমন কোনও বিকল্পের মাধ্যমে অপেক্ষাকৃত কম খরচে ব্যাংকিং সেবাদান আবশ্যিক। এই অ্যাকাউন্টগুলি নিম্ন ও মধ্যম আয়ের সম্প্রদায়ে ব্যাংক অ্যাকাউন্ট করার সুযোগ বৃদ্ধি করার জন্য গুরুভার ফি অপসারণ করে দেয়।

বিদ্যমান নিউ ইয়র্ক বেসিক ব্যাংক অ্যাকাউন্টের বিকল্প হিসেবে ব্যাংক অন অ্যাকাউন্ট বানানো স্টেজজুড়ে আর্থিক উপলভ্যতা বৃদ্ধি এবং আর্থিক স্বাক্ষরতা উন্নত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। "ব্যাংক অন" অ্যাকাউন্টগুলি জাতীয়ভাবে স্বীকৃত এবং ব্যাপকভাবে উপলভ্য। ওভারড্র্যাফ্ট, অ্যাকাউন্ট সক্রিয়করণ, বন্ধ করা, সুপ্তাবস্থা, নিষ্ক্রিয়তা, এবং ব্যালেন্স কম থাকার ফি অপসারণকারী "ব্যাংক অনের" মতো সাশ্রয়ী ব্যাংক অ্যাকাউন্ট এইসব সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের ব্যক্তিদের ব্যাংকিং সিস্টেমে আকৃষ্ট করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যাংক অন কর্মসূচিটি দেশব্যাপী মিলিয়ন মিলিয়ন ভোক্তাদের নতুন ব্যাংক অ্যাকাউন্ট খুলতে অনুপ্রাণিত করেছে, এবং এই পদক্ষেপটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে এইসব অ্যাকাউন্ট আরো উপলভ্য করতে সাহায্য করবে।

স্টেট সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "আমি ব্যাংক অন এবং বেসিক ব্যাংক অ্যাকাউন্ট জারি করার জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আর্থিক সেবা ডিপার্টমেন্টের প্রশংসা করছি। সিনেট ব্যাংকস কমিটির (Senate Committee on Banks) চেয়ারম্যান হিসেবে, আমি জানি নিউ ইয়র্কে সাশ্রয়ী এবং উপলভ্য ব্যাংকিং সেবার অতি গুরুত্বপূর্ণ চাহিদা রয়েছে।গভর্নর এবং DFS-র গৃহীত পদক্ষেপ সকলের জন্য আর্থিক সেবার উপলভ্যতা বৃদ্ধির জন্য অত্যাবশ্যকীয়।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "অনেক বেশি নিউ ইয়র্কবাসী, বিশেষ করে আমাদের অধিকারহীন, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের আর্থিক সেবা উপলভ্যতায় ঘাটতি রয়েছে।

আমি নিউ ইয়র্কবাসীদের জন্য কম খরচের ব্যাংক অ্যাকাউন্ট পাওয়ার সুযোগ বৃদ্ধির জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আর্থিক সেবা ডিপার্টমেন্টের জারি করা নতুন নির্দেশনার প্রশংসা করছি। কিছু কিছু নয়, বরং সকল নিউ ইয়র্ক সম্প্রদায়ে আর্থিক সেবা এবং ব্যাংকিং নিশ্চিত করা একটি অত্যাবশ্যকীয় চাহিদা। আমি এই ব্যাপারে গভর্নর হোকল এবং আর্থিক সেবা ডিপার্টমেন্টের অব্যাহত নেতৃত্বের জন্য তাদের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য খলিল অ্যান্ডারসন বলেন, "ব্যাংকস ইন আন্ডারসারভড কমিউনিটিজের (Banks in Underserved Communities) সাবকমিটির প্রধান হিসেবে, আমি ব্যাংক অন শুরু করার জন্য গভর্নর হোকল এবং সুপারিন্টেন্ডেন্ট হ্যারিসের প্রশংসা করছি, নতুন এই উদ্যোগটি কম খরচে অ্যাকাউন্ট করার সুযোগ বৃদ্ধি করবে এবং আমাদের ব্যাংক কম ব্যবহার করা সম্প্রদায়গুলিকে উত্থিত করবে। দক্ষিণপূর্ব কুইন্সের আর্ভার্ন এবং রোজডেলের মতো এলাকার কৃষ্ণাঙ্গ ও বাদামি পরিবারগুলি ব্যাংকিং মরুভূমিতে বাস করে, যেখানে ইট কাঠের ব্যাংকিং প্রতিষ্ঠানের প্রস্থান আর্থিক স্বাস্থ্য ও অর্থনৈতিক সুযোগকে বিপন্ন করে রেখেছে। একজন স্টেট বিধায়ক হিসাবে, আমি ব্যাংক কম ব্যবহার করা সম্প্রদায়সমূহের সমর্থনে এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগসহ (Minority and Women Owned Business Enterprises, MWBE) ক্ষুদ্র ব্যবসার মালিকদের সংস্থান প্রদানে সাহায্য করার জন্য অতি-গুরুত্বপূর্ণ বিধিমালা পাশ করেছি, যেহেতু আমরা ক্রেডিট, ক্যাপিটাল, এবং ঋণের কার্যকর উপলভ্যতা পুনঃস্থাপন করতে লড়াই করে যাচ্ছি। কর্মজীবী পরিবারগুলির কষ্টার্জিত সঞ্চয় ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুরক্ষা ও প্রবৃদ্ধি করার জন্য তাদের কাছে যাতে সাশ্রয়ী, FDIC-ইন্স্যুরড ব্যাংকিং বিকল্প থাকে তা নিশ্চিত করতে গভর্নর ও DFS-র সাথে কাজ করতে আমি অঙ্গীকারবদ্ধ।"

সিটিজ ফর ফাইন্যান্সিয়াল এম্পাওয়ারমেন্ট ফান্ডের (Cities for Financial Empowerment Fund) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাথন মিন্টজ বলেন, "ব্যাংক অন নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ, সাশ্রয়ী, এবং সম্পূর্ণ কার্যকর ব্যাংকিং অ্যাকাউন্ট করার সুযোগ বৃদ্ধি করতে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আর্থিক সেবা ডিপার্টমেন্টের সাথে কাজ করতে পেরে অতি আনন্দিত। গভর্নরের আজকের পদক্ষেপটি নিউ ইয়র্কে চার্টার করা আর্থিক প্রতিষ্ঠানগুলির জন্য প্রত্যায়িত অ্যাকাউন্ট নিয়ে দেশের অন্য 200টি ব্যাংক ও ক্রেডিট ইউনিয়নের সাথে যোগদান এবং বাসিন্দাদের আর্থিক স্থিতিশীলতা ও প্রবৃদ্ধির প্রচারের এই মৌলিক ব্যবস্থাটি প্রদান করা আরো সহজ এবং আকর্ষণীয় করবে।"

সেইন্ট লুইসের ফেডারেল রিজার্ভ ব্যাংকের (Federal Reserve Bank of St. Louis) 2020 সালে করা একটি গবেষণায় দেখা গেছে যে ব্যাংক অন অ্যাকাউন্ট খোলা ভোক্তাদের 80 শতাংশ প্রতিষ্ঠানের জন্য নতুন এবং প্রায় 60 শতাংশ সংখ্যালঘুরা সংখ্যাগরিষ্ঠ যেইসব এলাকায়, সেখানে খোলা হয়েছে। আজকের নিয়ন্ত্রক নির্দেশনা নিউ ইয়র্কের ব্যাংকিং প্রতিষ্ঠানগুলিকে বিদ্যমান বেসিক ব্যাংকিং অ্যাকাউন্টের বিকল্প হিসেবে প্রদান করার অনুমতি দিয়ে, জাতীয়ভাবে স্বীকৃত ব্যাংক অন অ্যাকাউন্টের উপলভ্যতা সম্প্রসারণ করে। ব্যাংক অন কম বা বিনা খরচে, যেমন ওভারড্র্যাফ্ট ফি ছাড়া অ্যাকাউন্ট সেবা প্রদান করার জন্য একটি নির্ধারিত আদর্শ অনুসরণ করে।

অনুগ্রহ করে ব্যাংক অন নির্দেশনার একটি অনুলিপি খুঁজে নিন DFS-র ওয়েবসাইটে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন